গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
কল্যাণ-১ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.০১২.১৯.০০৪২.১৯-৩৭৭

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৭ নভেম্বর ২০২৬

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ২০২৬-২০২৭ অর্থবছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রসংগে।

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নং- ৪৫.০১.৩০২৫.০০১.২৫.০০১.২৬-১৩৩২, তারিখ: ৮/১১/২০২৬ খ্রি:।

উর্পযুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীগণের কল্যাণে হাট ও বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ দ্বারা বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবার লক্ষ্যে এতদসংক্রান্ত নীতিমালা, পরিপত্র ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দাগনভূঞা, ফেনী এর অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (নং এসবি-১০ ৬৬৫৯২০৯, তারিখ: ১৫/১১/২০২৬ খ্রি., সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা) নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো।

০২। এই ব্যয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীগণের কল্যাণে হাট ও বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থের তহবিল হতে নির্বাহ করা হবে।

০৩। শর্তাবলী :

ক) বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীসহ এবং তাদের স্ত্রী বা স্বামীর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) প্রদত্ত বরাদ্দ এতদসংক্রান্ত পরিপত্র, বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীগণের কল্যাণে হাট ও বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২৫ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে ব্যয় করতে হবে;

গ) শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত 'সমন্বিত তালিকা' ও 'এমআইএস' এ অন্তর্ভুক্ত (যুদ্ধাহত ও খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা ব্যতীত) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা বাবদ এ অর্থ ব্যয় করা যাবে;

ঘ) বরাদ্দকৃত অর্থ দ্বারা চিকিৎসার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমাণক হিসেবে দাখিলকৃত ডকুমেন্টের তথ্যাদি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত 'সমন্বিত তালিকা' বা 'এমআইএস' যাচাইপূর্বক তা সঠিক পাওয়া গেলে এ চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে। তবে 'সমন্বিত তালিকা' বা 'এমআইএস' তালিকাভুক্ত হওয়া সত্ত্বেও যদি কোনো বীর মুক্তিযোদ্ধা যুদ্ধাহত গেজেট বা খেতাবপ্রাপ্ত গেজেটভুক্ত হয়ে থাকেন তবে তিনি/তাঁরা এ সুবিধা প্রাপ্য হবেন না;

ঙ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

চ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন পরিচালিত ব্যাংক একাউন্টে (সঞ্চয়ী হিসাব নং ০২০০০০১২১১০৫২, অগ্রণী ব্যাংক পিএলসি, জাতীয় প্রেস ক্লাব শাখা, ঢাকা/সঞ্চয়ী হিসাব নং ৪৪২৬৩৩৪১৯১৫৫৪, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা) ফেরত প্রদানপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। অব্যয়িত অর্থ পরবর্তী অর্থবছরেও ব্যয় করা যাবে, তবে সেক্ষেত্রে অব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখপূর্বক প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং পরবর্তী অর্থবছরে ব্যয়ের অনুমোদন নিতে হবে;

ছ) বরাদ্দকৃত অর্থ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান সংক্রান্ত তহবিল' নামক SNTD/Savings Account এ জমা রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

জ) বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট খাত ব্যতীত অন্য কোনো খাতে ব্যয় করা যাবে না। অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

ঝ) বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগী এবং তাদের স্ত্রী/স্বামী'র চিকিৎসায় জন প্রতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ক্ষেত্রে **বাৎসরিক সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা** খরচ করা যাবে;

ঞ) হাসপাতালে অসুস্থ বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগী এবং তাদের স্ত্রী/স্বামী'র জন্য প্রয়োজনীয় ঔষধ সরবরাহসহ সর্বোত্তমভাবে সকল চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। সকল ধরণের চিকিৎসা পরামর্শ, শল্য চিকিৎসা, হাসপাতাল কর্তৃক সরবরাহযোগ্য ঔষধ, বেড সরবরাহ, পথ্য এবং নার্সিং ইত্যাদি চিকিৎসা সেবার অন্তর্ভুক্ত হবে;

ট) বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগী এবং তাদের স্ত্রী/স্বামী'র চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম পর্যালোচনা বা পরীক্ষা এবং বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার যাচাই করার লক্ষ্যে বিধি মোতাবেক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ মন্ত্রণালয়ের ২৯/০১/২০২৬ তারিখে জারিকৃত পরিপত্রের অনুচ্ছেদ ৭ অনুযায়ী চিকিৎসা সেবার মান ও ব্যয় যাচাই কমিটির সভার কার্যবিবরণী এবং অনুচ্ছেদ ৯ এর আলোকে নিরীক্ষা প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে;

ঠ) চিকিৎসা গ্রহণকারী রোগীর আইডি/রেজি:নম্বর আবিশ্যকভাবে ব্যয় বিবরণীতে উল্লেখ করতে হবে;

ড) বর্ণিত চিকিৎসা সেবা হাসপাতালে ভর্তিকৃত বা আউটডোর উভয় ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগী এবং তাদের স্ত্রী/স্বামী-কে প্রদান করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তানগণ এ সুবিধা প্রাপ্য হবে না;

ঢ) বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগী এবং তাদের স্ত্রী/স্বামীকে নগদে বা চেকের মাধ্যমে কোনো অর্থ প্রদান করা যাবে না;

ণ) আউটডোর রোগীর চিকিৎসা প্রদানের ক্ষেত্রে ব্যয় বিবরণী ও Health Module Software এ ভর্তির তারিখ ও রিলিজের তারিখ এর স্থানে একই তারিখ উল্লেখ করতে হবে। এছাড়া মন্তব্য কলামে আউটডোর রোগী উল্লেখ করতে হবে;

ত) ব্যয় বিবরণী Health Module Software এ অন্তর্ভুক্তপূর্বক ব্যয় যাচাই কমিটির সদস্যদের স্বাক্ষরসহ প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার ১টি চেক (নং এসবি-১০ ৬৬৫৯২০৯, তারিখ: ১৫/১১/২০২৬ খ্রি., সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা)।

১৯/১১/২০২৬

(মো: আক্তার হোসেন)
উপসচিব
টেলিফোন: ০২২২৬৬৪২১৫৮

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
দাগনভূঞা, ফেনী।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৩। অতিরিক্ত সচিব (কল্যাণ ও ভাতা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৪। মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৫। সিস্টেম এনালিষ্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অর্থ বরাদ্দ প্রদান পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। সিভিল সার্জন, ফেনী;
৭। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৮। উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী;
৯। উপ-মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা (ইস্যুকৃত চেকের অর্থ ছাড়করণের অনুরোধসহ);
১০। সংরক্ষণ কপি।